2021 সালের জুন মাসে, গ্রীস সরকার ঘোষণা করে যে সিরিয়া, আফগানিস্তান, সোমালিয়া, পাকিস্তান এবং বাংলাদেশের নাগরিকদের জন্য তুর্কি একটি নিরাপদ দেশ। আপনি যদি উল্লেখিত এই দেশগুলির কোনো একটি থেকে এসে থাকেন এবং গ্রীসে আশ্রয় খোঁজেন, সেক্ষেত্রে গ্রীক অ্যাসাইলাম সার্ভিসের দ্বারা তুর্কি (তুর্কি ইন্টারভিউ) সম্বন্ধীয় একটি ইন্টারভিউ পরিচালিত হবে, যেখানে এই সিদ্ধান্ত গৃহীত হবে যে গ্রীসে আপনার আশ্রয় চাওয়ার দাবী **গ্রহণযোগ্য** কিনা। এই ইন্টারভিউটি এমনভাবে ডিজাইন করা হয়েছে যেখানে এটি নির্ধারণ করা যাবে যে আপনি গ্রীসে আপনার আশ্রয় চাওয়ার দাবীকে অব্যাহত রাখার পরিবর্তে তুর্কিতে ফিরে যেতে পারেন কিনা।

## এই নতুন আইনের দ্বারা কে কে প্রভাবিত হবে?

আফগানিস্তান, সোমালিয়া, পাকিস্তান, বাংলাদেশ, সিরিয়া যারা গ্রীসের দ্বীপপুঞ্জে বা মূল ভূখন্ডে থাকা নাগরিকবৃন্দ

- যাদের বয়স 15 বছরের বেশী *(আপনার সন্তানদের বয়স যদি 15 বছর বা তার বেশী হয়, তাদের ক্ষেত্রে তুর্কি ইন্টারভিউ প্রযোজ্য হবে। 15 বছরের নীচে বয়স যারা অপ্রাপ্তবয়স্ক এবং সঙ্গীবিহীন তাদের ক্ষেত্রেও এই ইন্টারভিউটি প্রযোজ্য হবে। অপ্রাপ্তবয়স্কদের জন্য যে ইন্টারভিউ তাতে প্রধানতঃ এটিতে আলেকপাত করা হবে যে সেই অপ্রাপ্তবয়স্কের প্রধান আগ্রহের বিষয় কোনটি)*
- যারা এখনো আশ্রয় চাননি *(যখন আপনি আপনার আশ্রয়ের দাবী নিবন্ধন করবে এবং আপনার হোয়াইট কার্ড প্রাপ্ত করবেন তখন দি গ্রীক অ্যাসাইলাম সার্ভিস তুর্কির বিষয়ে আপনাকে প্রশ্ন করতে পারে অথবা তুর্কি ইন্টারভিউতে আসার জন্য অন্য আরেকটি তারিখ দিতে পারেন)*
- যারা গ্রীসে আশ্রয় চাইছেন যারা এখনও তাদের আশ্রয় সংক্রান্ত ইন্টারভিউটি দেননি *(আপনার আশ্রয় সংক্রান্ত ইন্টারভিউটি কয়েক মাস/বছর পরে নির্ধারিত হতে পারে, কিন্তু এর পূর্বে আপনাকে তুর্কি ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। যদি আপনার আশ্রয় সংক্রান্ত ইন্টারভিউটি শীঘ্রই অনুষ্ঠিত হয়, এই ইন্টারভিউটি তাহলে এখন একটি তুর্কি ইন্টারভিউ হিসেবে নেয়া হবে)*

## সচেতন থাকবেন:

- আপনাকে খুব কম সময়ের মধ্যেই ‘গ্রাহ্যতার’ ইন্টারভিউয়ের জন্য ডাকা হতে পারে – কখনও কখনও খুব কম দিনের মধ্যেই ডাকা হয়
- পরিবারের সকল সদস্যদের আলাদা আলাদাভাবে ইন্টারভিউ নেওয়া হবে, প্রত্যেক সদস্যের বক্তব্য সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত
- নিবন্ধীকরণ ইন্টারভিউয়ের সময়ে যা কিছু উল্লেখ করা হবে (আপনি যখন আপনার অ্যাসাইলাম কার্ডটি পেয়ে যাবেন) তা নথিবদ্ধ করা হবে এবং এখন আপনি যা বলছেন সেটির সঙ্গে অ্যাসাইলাম সার্ভিস দ্বারা যাচাই করা হতে পারে।

## গ্রীক অ্যাসাইলাম সার্ভিসকে বলুন:

- আপনি যদি ইউরোপের কোনো এক জায়গায় আপনার পরিবারের ঘনিষ্ট কোনো সদস্যের সাথে পুনরায় একত্রিত হতে চান (আপনি যদি ডুবলিন প্রসিডিওরের মধ্যে থাকেন, আপনার সেক্ষেত্রে তুর্কি ইন্টারভিউ পরিচালিত হবে না, কারণ আপনি অনুরোধ জানাচ্ছেন যে আপনার আশ্রয় সংক্রান্ত আবেদনপত্রটি এমন একটি দেশে প্রক্রিয়াকরণ করা হয়েছে যেখানে আপনার পরিবারের কোনো সদস্য বাস করেন)

- আপনার পরিবারের কোনো ঘনিষ্ট সদস্য যদি গ্রীসে থাকেন যার উদ্বাস্তু স্থিতি অনুমোদিত হয়েছে বা গ্রীসে থাকার জন্য অন্য কোনোভাবে অনুমোদন পেয়েছেন (পারিবারিক সম্পর্ক আপনার নিজের দেশে বিদ্যমান থাকা উচিত)
- আপনার যদি পরিবারের ঘনিষ্ট সদস্য থাকেন যে বা যারা আফগানিস্তান, সোমালিয়া, পাকিস্তান, বাংলাদেশ বা সিরিয়া থেকে নন

**আপনি যদি সুরক্ষিত না হন তবুও এই নতুন আইনটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে, কিন্তু নিম্নলিখিত কারণের জন্য আপনি যদি তুর্কিতে কোনো সমস্যার মুখোমুখি হয়ে থাকে সেক্ষেত্রে সম্ভব হলে সেগুলি বর্ণনা করুন এবং প্রমাণ দিন**

- বয়স্ক ব্যক্তি
- অপ্রাপ্ত বয়স্ক হওয়া
- চিকিৎসা সংক্রান্ত বিষয়গুলি (মনস্তাত্বিক বিষয় অন্তর্ভুক্ত)
- একক মা বা বাবা হওয়া
- অক্ষমতা
- গর্ভাবস্থা

### গ্রীসে আমরা গ্রাহ্যতা ইন্টারভিউয়ে যদি ইতিবাচক সিদ্ধান্ত পাই সেক্ষেত্রে কি হবে?

তুর্কি সম্বন্ধীয় ইন্টারভিউয়ের পরে আপনি যদি ইতিবাচক সিদ্ধান্ত পান, এর অর্থ হলো দি গ্রীক অ্যাসাইলাম সার্ভিস এই বিষয়টি মেনে নিচ্ছে যে তুর্কি আপনার জন্য নিরাপদ নয় এবং আপনি গ্রীসে আপনার আশ্রয় প্রক্রিয়া চালিয়ে যাবেন। আপনার অ্যাসাইলাম সংক্রান্ত প্রকৃত ইন্টারভিউটি কবে অনুষ্ঠিত হবে সেটা জানানোর জন্য আপনাকে অপেক্ষা করতে হবে।

### গ্রীসে আমার গ্রাহ্যতার ইন্টারভিউ বাতিল হয়ে গেলে আমার কি করা উচিত?

20 দিনের মধ্যে একজন গ্রীক আইনজীবির মাধ্যমে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপীল করতে পারেন। আপনার সিদ্ধান্ত আপনাকে হয় নির্ধারিত অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে অ্যাসাইলাম সার্ভিসে হাতে হাতে দিয়ে দেওয়া হবে অথবা পোস্ট করে আপনাকে পাঠিয়ে দেওয়া হবে বা আপনার ক্যাম্পে ডেলিভারি দেওয়া হবে। আপনি এই সিদ্ধান্ত যবে হাতে পাচ্ছেন সেইদিন থেকে ডেডলাইন গণনা শুরু হবে। আপনি যদি এটি পোস্ট অফিসের মাধ্যমে সংগ্রহ করেন, সেক্ষেত্রে খামের উপরে উল্লেখিত তারিখ প্রাপ্তির তারিখ হিসাবে গণ্য হবে এবং উক্ত খামটি আপনি প্রমাণস্বরূপ রেখে দেবেন।

আপনার আপীল যদি বাতিল হয়ে থাকে সেক্ষেত্রে আপনার আদালাতে যাওয়ার সম্ভাবনা রয়েছে কিন্তু এই প্রক্রিয়াটি অত্যন্ত জটিল এবং এরমধ্যে কিছু খরচেরও ব্যাপার অন্তর্ভুক্ত আছে। কোনো অভিজ্ঞ সংস্থা বা আইনজীবির কাছ থেকে আইনী পরামর্শ নেওয়ার জন্য আপনি জরুরী ভিত্তিতে যোগাযোগ করতে পারেন।

### আমার অ্যাসাইলাম ক্লেম যদি 'অগ্রহণযোগ্য' হয় সেক্ষেত্রে এটির অর্থ কি?

আপনার ইন্টারভিউয়ের পরেই যদি তুর্কি বিষয়ে আপনি বাতিলকরণ পেয়ে থাকেন এবং আপনি যদি আপীল না করে থাকেন অথবা আপনার আপীলগুলি যদি বাতিল হয়ে থাকে, এর অর্থ হলো আপনি গ্রীসে আপনার অ্যাসাইলাম ক্লেম চালিয়ে নিয়ে যেতে পারবেন না এবং আপনাকে সম্ভবত তুর্কিতে ফেরত আসতে হবে। আপনি কোনো প্রকার রাষ্ট্রীয় সহযোগিতা বা আশ্রয় হারাবেন, যদি আপনার সেরকম কিছু থেকে থাকে। আইনগতভাবে, আপনাকে আটক করা হবে এবং জোরপূর্বক তুর্কিতে ফেরত পাঠানো হবে কিন্তু এই বিষয়টি এখনও পরিস্কার নয় যে প্রাকটিসে কি ঘটবে।

গ্রহণযোগ্যতার ইন্টারভিউতে আপনাকে যা যা উল্লেখ করতে হবে:

- তুর্কিতে আপনার কোনো ব্যক্তিগত সমস্যা, উদাহরণস্বরূপ আপনার জাতি, বর্ণ, জাতীয়তা, রাজনৈতিক মতবাদ, জাতিতত্ত্বমূলক গোষ্ঠী, লিঙ্গ, যৌনতা
- তুর্কি আধিকারিকদের কাছ থেকে আপনার কোনোরকম কোনো সমস্যার অভিজ্ঞতা, উদাহরণস্বরূপ সীমানা অতিক্রম করে প্রবেশ করা বা সীমানা অতিক্রম করে বেরিয়ে যাওয়া বা তুর্কিতে থাকার সময়ে পুলিশ বা সেনাবাহিনীর দ্বারা কোনো হিংসামূলক আচরণের অভিজ্ঞতা
- অ্যাসাইলাম ক্লেম করতে চেষ্টা করার সময়ে বা তুর্কিতে অ্যাসাইলামের কোনো প্রক্রিয়াতে আপনি কোনো সমস্যার মুখোমুখি হয়েছেন যার মধ্যে অন্তর্ভুক্ত আপনাকে তুর্কি ছেড়ে চলে যাওয়ার জন্য কোনো নথি ইস্যু করা বা তুর্কি অঞ্চল থেকে আপনাকে নিষিদ্ধ ঘোষনা করা
- তুর্কি আধিকারিকদের দ্বারা আপনাকে নির্বাসন দেওয়া বা সীমানার ওপারে আপনাকে ঠেলে পাঠিয়ে দেওয়া
- তুর্কি আধিকারিকদের কার্যক্রমের কারণে আপনাকে আপনার নিজের দেশে ফেরত পাঠিয়ে দেওয়া হবে এই আশঙ্কা করা
- তুর্কিতে জেলখানায় থাকার প্রতিটি পর্যায়কাল এবং প্রতিটি বদ্ধ ক্যাম্প/পুলিশ স্টেশন/ নির্বাসন কেন্দ্র ইত্যাদিতে আপনি যে যে অবস্থার সম্মুখীন হয়েছেন
- তুর্কিতে এমন কোনো কষ্ট যার জন্য প্রয়োজন চিকিৎসাজনিত পরিষেবা বা অন্য ধরণের সহযোগিতা
- তুর্কিতে থাকার সময়ে আশ্রয়স্থল, খাবার বা অন্যান্য মৌলিক চাহিদাগুলি মেটানোর সময়ে কোনো সমস্যায় পড়া
- তুর্কিতে থাকার সময়ে এমন কোনো অভিজ্ঞতা যেখানে আপনাকে কাজ করতে বাধ্য করা হয়েছিল (যৌন নিগ্রহের বিষয়টিও এখানে অন্তর্ভুক্ত) বা এমন কাজ যেখানে আপনাকে শোষন করা হয়েছিল

**কেবলমাত্র তুর্কির বিষয়ে কথা বলতে শুধুমাত্র আপনার জন্যই এই গ্রহণযোগ্যতার ইন্টারভিউটির ডিজাইন করা হয়েছে**, কিন্তু উল্লেখ করবেন:

- ❖ কেন আপনি আপনার নিজের দেশ ছেড়েছেন যার মধ্যে অন্তর্ভুক্ত যেকোন হিংসামূলক আচরণ, আপনার প্রতি হওয়া অবিচার বা আপনার জেলে থাকার অভিজ্ঞতা *(আইনী তথ্য/পরামর্শ চাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ, যদি সম্ভব হয়)*
- ❖ আপনি কিভাবে গ্রীসে স্থায়ীভাবে বসবাস শুরু করলেন, যার মধ্যে অন্তর্ভুক্ত ছেলেমেয়েদের স্কুলে যাওয়া, গ্রীক ভাষা শেখা, যেকোন প্রকারের চিকিৎসাজনিত বা মনস্তাত্ত্বিক সহযোগিতার পরিষেবা এখানে প্রাপ্ত করা

**যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হতে পারে:**

- ➔ আপনি আপনার নিজের দেশ কবে ছেড়ে এসেছেন এবং গ্রীসে প্রবেশের পূর্বে আপনি কোন কোন দেশের মধ্যে দিয়ে এসেছেন?
- ➔ আপনি তুর্কির সীমানা কিভাবে অতিক্রম করলেন? এই সীমানা অতিক্রম করার সময়ে আপনার কি কোনো সমস্যা হয়েছে?
- ➔ গ্রীসে আসার পূর্বে আপনি কত দিন ধরে তুর্কিতে ছিলেন?
- ➔ আপনি এর আগে কি কখনও তুর্কিতে ছিলেন?
- ➔ কেন আপনি তুর্কি ছাড়লেন?
- ➔ আপনি কি তুর্কির কর্তৃপক্ষের সাথে কখনও কোনোভাবে যোগাযোগ করেছেন? যদি করে থাকেন, তাহলে বিস্তারিত বিবরণ দিন।
- ➔ আপনি কি তুর্কিতে থাকার জন্য আশ্রয় বা বাসস্থানের জন্যে আবেদন করেছেন?
  (যদি না হয়) কেন? (যদি হ্যাঁ হয়) আপনাকে কোনো স্টেটাস বা রেসিডেন্স পারমিটের মাধ্যমে অনুমোদন দেওয়া হয়েছএ?

এরজন্য আপনি কোন কোন প্রয়োজনীয় নথিপত্রগুলি জমা দিয়েছিলেন? সেগুলিকি আপনার কাছে আছে?

- ➔ আপনি তুর্কিতে কোথায় থাকতেন?
- ➔ আপনি কি তুর্কিতে কাজ করেছেন? যদি হ্যাঁ হয়, আপনার কি কোনো ওয়ার্ক পারমিট ছিল?
- ➔ আপনার কি তুর্কিতে কোনো পরিবারের সদস্য/আত্মীয়স্বজন/বন্ধুবান্ধব/পরিচিত জন আছেন? যদি থাকেন, তাহলে তাদের পরিচিতি কি?
- ➔ আপনি কি ভাবেন যে আপনি তুর্কিতে ফিরে আসতে পারবেন? যদি না পারেন, অনুগ্রহ করে কারণ ব্যাথ্যা করুন